




কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কৃষি মন্ত্রণালয়



THE WORLD BANK

বাংলাদেশ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত দেশ। জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকির মধ্যে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান প্রথম সারিতে। দুর্যোগপূর্ণ দেশ হওয়া সত্ত্বেও আবহাওয়া ও জলবায়ু, নদ নদীর পানির অবস্থা, আগাম সতর্কীকরণ সম্পর্কিত তথ্যাদি কৃষকদের মাঝে পৌঁছে দেয়ার ক্ষেত্রে এ দেশ অনেক পিছিয়ে আছে। এ বিষয়ে কারিগরি দিক থেকে উন্নতমানের এবং নির্ভরযোগ্য কৃষি আবহাওয়া বিষয়ক তথ্য কৃষকদের মাঝে পৌঁছে দেয়ার সুযোগ রয়েছে। টেকসই কৃষি উৎপাদনের জন্য কৃষি আবহাওয়া বিষয়ক তথ্য কৃষকদের কাছে তাঁদের উপযোগী ভাষায় সরবরাহ করা একান্ত প্রয়োজন। উক্ত তথ্যাদি কৃষি উৎপাদনে যথাযথ পরিকল্পনা গ্রহণে সহায়ক ভূমিকা পালন করবে।

বাংলাদেশের কৃষি উন্নয়নে জলবায়ু পরিবর্তনের ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার জন্য ২০১২ সালে বিশ্ব আবহাওয়া সংস্থা একটি কারিগরি সেমিনার আয়োজন করে। সেমিনারে অংশগ্রহনকারী দেশী ও বিদেশী বিশেষজ্ঞগণ বাংলাদেশে কৃষি আবহাওয়া সেবার মান তৃণমূল পর্যায়ে কার্যকরভাবে বৃদ্ধির জন্য তিনটি ক্ষেত্র চিহ্নিত করেন-

- ১। আবহাওয়াবিদ ও কৃষিবিদদের সমন্বয়ে কৃষি আবহাওয়া পর্যবেক্ষণ ব্যবস্থার উন্নয়ন, মধ্য ও দীর্ঘ মেয়াদি মৌসুমি পূর্বাভাস (Seasonal Forecast), কৃষি আবহাওয়া পূর্বাভাস ও পরামর্শ সেবার মান বৃদ্ধি।
- ২। কৃষি আবহাওয়া পূর্বাভাস ও পরামর্শ সেবা তৃণমূল পর্যায়ে নিয়মিত ও দ্রুত পৌঁছে দেয়ার জন্য একটি দ্রুত ও কার্যকর যোগাযোগ ও বিতরণ ব্যবস্থার উন্নয়ন।
- ৩। কৃষি আবহাওয়া পূর্বাভাস ও পরামর্শ সেবা তৃণমূল পর্যায়ে কাজে লাগানোর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে একটি সঠিক সাড়া প্রদান ব্যবস্থার প্রবর্তন।

এ লক্ষ্যে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় ২০১৭ সালে বাংলাদেশ আবহাওয়া

অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সমন্বয়ে "Bangladesh Weather and Climate Services Regional Project" শীর্ষক একটি প্রকল্প বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত হয়। সংস্থা তিনটি পৃথক পৃথক ডিপিপি এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করবে।

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) কম্পোনেন্ট-সি-কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প (Agro-Meteorological Information Systems Development Project) বাস্তবায়ন করছে।

প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৬ থেকে জুন ২০২১ পর্যন্ত।

প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে, আবহাওয়া এবং নদ নদীর সামগ্রিক অবস্থা সম্পর্কিত উন্নত মানের এবং নির্ভরযোগ্য তথ্য কৃষকের কাছে পৌঁছানো এবং এ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের উন্নত পদ্ধতি ব্যবহারে ডিএই'র সক্ষমতা বৃদ্ধি করা।

প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য সমূহ

- কৃষি উৎপাদন টেকসই করার লক্ষ্যে কৃষকের কাছে কৃষি আবহাওয়া সংক্রান্ত তথ্য পৌঁছে দেয়া, এবং আবহাওয়া ও জলবায়ুর ক্ষতিকর প্রভাব সমূহের সাথে কৃষকের খাপ খাওয়ানোর সক্ষমতা বৃদ্ধি করা।
- বৈজ্ঞানিকভাবে স্বীকৃত কৃষি-আবহাওয়া তথ্য পদ্ধতি প্রচলন করা এবং যথাপোযুক্ত তথ্য উপাত্ত প্রণয়ন করা।
- কৃষি ক্ষেত্রে আবহাওয়া সংক্রান্ত ঝুঁকি মোকাবেলার জন্য কৃষি আবহাওয়া এবং নদ নদীর সামগ্রিক অবস্থা সম্পর্কিত তথ্যাদি কৃষকের উপযোগী ভাষায় বিভিন্ন সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকের কাছে পৌঁছে দেয়া।

- কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণের মাধ্যমে ডিএই এর সক্ষমতা বৃদ্ধি করা।

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের প্রধান কার্যক্রম নিম্নরূপঃ

কম্পোনেন্ট - সি এর তিনটি সাব- কম্পোনেন্ট রয়েছে:

- ক) সাব-কম্পোনেন্ট সি-১ : বামিস (BAMIS - Bangladesh Agro-Meteorological Information System) পোর্টাল স্থাপন
- খ) সাব-কম্পোনেন্ট সি-২ : প্রশিক্ষণ, দক্ষতাবৃদ্ধি, প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পর্যবেক্ষণ এবং মূল্যায়ন
- গ) সাব-কম্পোনেন্ট সি-৩ : নির্ভরযোগ্য কৃষি আবহাওয়া সংক্রান্ত তথ্য উপাত্ত প্রস্তুতকরণ এবং তা বিভিন্ন সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকের কাছে পৌঁছে দেয়া

সাব-কম্পোনেন্ট সি-১ : বামিস ওয়েব পোর্টাল স্থাপন

- ১। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কৃষি আবহাওয়া বিষয়ক বামিস (BAMIS) ওয়েব পোর্টাল এবং এর অবকাঠামো তৈরি করা হবে। এতে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আবহাওয়া সংক্রান্ত তথ্য উপাত্ত এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে প্রাপ্ত নদ নদীর তথ্য উপাত্ত সন্নিবেশিত হবে। তথ্য উপাত্ত সমূহ একটি কারিগরি কমিটির মাধ্যমে যাচাই বাছাই এবং অনুবাদ করে কৃষকের কাছে তাঁদের উপযোগী করে সরবরাহ করা হবে।



এ লক্ষ্যে বাংলাদেশের ৬৪ টি জেলা, ৪৮৭ টি উপজেলা, ৪০৫১ টি ইউনিয়ন পরিষদ এবং কৃষক সংগঠন সমূহ বিভিন্ন আইসিটি যন্ত্রপাতি (হাই স্পিড সার্ভার এবং কম্পিউটার ও এলইডি ডিসপ্লে, ট্যাব, হ্যান্ড হেল্ড অটোমেটিক রেইন গেজ, কিওস্ক, আবহাওয়া বোর্ড, আবহাওয়া অধিদপ্তরের সাথে অপটিক্যাল লাইনের মাধ্যমে সংযুক্তি ইত্যাদি) এবং সফটওয়্যারের দ্বারা মূল ওয়েব পোর্টালের সাথে সংযুক্ত থাকবে। পরামর্শক সংস্থার মাধ্যমে বামিস পোর্টাল এবং বামিস অবকাঠামো তৈরি করা হবে। প্রকল্পের কৃষি আবহাওয়া সম্পর্কিত একজন আন্তর্জাতিক এবং একজন দেশীয় পরামর্শক বামিস পোর্টাল এবং এর অবকাঠামো তৈরির কাজে সহযোগিতা করবেন।

২। পরামর্শক সংস্থার মাধ্যমে উপজেলা সমূহের কৃষি আবহাওয়া সংক্রান্ত ডাটাবেইজ এবং রিস্ক ম্যাপ তৈরি করা হবে। উপজেলা সমূহের ফসল এবং ভূমি সংক্রান্ত তথ্যাদি ডিজিটলাইজড করা হবে যা পরবর্তীতে জিআইএস এবং রিমোট সেনসিং এর কাজে ব্যবহৃত হবে।

৩। পরামর্শক সংস্থার মাধ্যমে কৃষি আবহাওয়া সংক্রান্ত তথ্য উপাত্ত তৈরি করা হবে এবং তা বিশ্লেষণ করে চাষাবাদ বিষয়ক ভবিষ্যতের দিক নির্দেশনা প্রস্তুত করা হবে।

এ ক্ষেত্রে প্রকল্পের কৃষি আবহাওয়া সম্পর্কিত আন্তর্জাতিক পরামর্শক ডিএই, বিএআরআই, বিআরআরআই, বিজেআরআই, বিএসআরআই, বিএমডি এবং বিডব্লিউডিবি কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৪। কৃষি আবহাওয়া এবং নদ নদীর তথ্য উপাত্ত এবং পূর্বাভাস সমূহ কৃষকদের কাছে তাঁদের উপযোগী করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং কৃষি তথ্য সার্ভিস এর বিভিন্ন সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে নিয়মিত সরবরাহ করা হবে। এছাড়াও কৃষকদের সমস্যা সমূহের সম্ভাব্য সমাধানও সরবরাহ করা হবে।

সাব-কম্পোনেন্ট সি-২ : প্রশিক্ষণ, দক্ষতা বৃদ্ধি, প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পর্যবেক্ষণ এবং মূল্যায়ন

সাব-কম্পোনেন্ট সি-২ এর মাধ্যমে ডিএই, বিএআরআই, বি'আরআরআই, বিজেআরআই এবং বিএসআরআই এর জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হবে। এর মধ্যে রয়েছে:

- ১) আধুনিক উপায়ে আবহাওয়া এবং নদ নদীর তথ্য উপাত্ত সমূহ বিশ্লেষণ এবং কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী, গবেষক এবং ৩০,০০০ কৃষক প্রতিনিধিকে কৃষি আবহাওয়া বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।
- ২) জাতীয়, অঞ্চল, জেলা, এবং উপজেলা পর্যায়ে বামিস বিষয়ক কর্মশালার আয়োজন করা।
- ৩) জেলা এবং উপজেলা পর্যায়ে বিভিন্ন মৌসুমভিত্তিক সভার মাধ্যমে কৃষকদের কৃষি বিষয়ক মৌসুমভিত্তিক পরামর্শ প্রদান করা।
- ৪) বৈদেশিক স্বল্প মেয়াদি প্রশিক্ষণ এবং এক্সপোজার ভিজিটের আয়োজন করা।
- ৫) কর্মকর্তা ও কর্মচারী এবং কৃষকদের জন্য কৃষি আবহাওয়া বিষয়ক প্রশিক্ষণ মডিউল তৈরি করা।
- ৬) প্রকল্প ব্যবস্থাপনা- প্রকল্প বাস্তবায়নের জন্য একজন করে প্রকল্প পরিচালক, সিনিয়র মনিটরিং এ্যান্ড ইভালুয়েশন অফিসার, কমুনিকেশন অফিসার এবং দুইজন টেকনিক্যাল অফিসার ডিএই থেকে নিজ বেতন স্কেলে প্রকল্পে কাজ করছেন। এছাড়া শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য একজন করে হিসাব রক্ষক, অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর সরাসরি এবং দুইজন ড্রাইভার ও একজন এমএলএসএস আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত আছেন। প্রকল্পের টিএ অংশ থেকে বিভিন্ন মেয়াদে একজন করে কৃষি আবহাওয়া সম্পর্কিত আর্ন্তজাতিক পরামর্শক, কৃষি আবহাওয়া সম্পর্কিত দেশীয়

পরামর্শক, মনিটরিং ও ইভ্যালুয়েশন পরামর্শক, প্রকিওরমেন্ট পরামর্শক, ফিনানশিয়াল ম্যানেজমেন্ট পরামর্শক এবং কমুনিকেশন পরামর্শক কাজ করবেন।

সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে প্রজেক্ট কোঅর্ডিনেশন স্টিয়ারিং কমিটি, সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে প্রজেক্ট স্টিয়ারিং কমিটি, চীফ অফ প্ল্যানিং, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে প্রজেক্ট কোঅর্ডিনেশন ইউনিট, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি এবং জয়েন্ট চীফ, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে প্রজেক্ট মনিটরিং কমিটি গঠিত হবে। এছাড়া উপজেলা, জেলা ও জাতীয় পর্যায়ে কৃষি বিষয়ক কারিগরি কমিটি গঠন করা হবে।

৭) বিএআরআই এর মাধ্যমে ভুট্টা এবং আলু, বিআরআরআই এর মাধ্যমে আউশ ধান, বিজেআরআই এর মাধ্যমে পাট এবং বিএসআরআই এর মাধ্যমে ইক্ষুর শস্য সিমুলেশন (Crop Simulation) মডেল তৈরি করা হবে।

সাব- কম্পোনেন্ট সি-৩ : কৃষকদের কৃষি আবহাওয়া তথ্য অবহিতকরণের মাধ্যমে কৃষি দুর্যোগ মোকাবিলা

নির্ভরযোগ্য কৃষি আবহাওয়া এবং জলবায়ু বিষয়ক ঝুঁকি সংক্রান্ত তথ্য উপাত্ত কৃষকের উপযোগী করে প্রস্তুত করে তা বিভিন্ন সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকের কাছে পৌঁছে দেয়া হবে। এই সাব-কম্পোনেন্ট বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হবে:

১) পরামর্শক সংস্থার মাধ্যমে কৃষি আবহাওয়া এবং জলবায়ু বিষয়ক তথ্যাদির বর্তমান অবস্থা, কৃষকদের তথ্য চাহিদা ইত্যাদি সম্পর্কে একটি বেইজ লাইন সার্ভে করা হবে এবং তথ্য প্রবাহের উপযোগিতা এবং তা আরও উন্নত করার দিক নির্দেশনা প্রদান করা হবে।

২) ৪০৫১ টি ইউনিয়ন পরিষদে হ্যান্ড হেল্ড অটোমেটিক রেইন গেজ এবং কৃষি আবহাওয়া বিষয়ক এনালগ ডিসপ্লো বোর্ড স্থাপন করা হবে ।।

৩) ৪৮৭ টি উপজেলায় কৃষি আবহাওয়া বিষয়ক কিওস্ক (Kiosk) স্থাপন করা হবে । এই কিওস্ক এ বিভিন্ন বিষয়ের তথ্য উপস্থাপন করা হবে যেমন-

■ চলমান আবহাওয়ার তথ্য

■ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ সমূহ

■ শস্য চাষাবাদ পদ্ধতি ও প্রযুক্তি

■ আবহাওয়ার সাথে শস্যের পোকামাকড়, সেচ এবং রোগবালাই ব্যবস্থাপনা

■ কৃষি উপকরণ পরিস্থিতি ইত্যাদি

৪) ৬৪ টি জেলায় কৃষি আবহাওয়া সেবা কক্ষ প্রতিষ্ঠা করা হবে ।

৫) কৃষি আবহাওয়া এবং জলবায়ু বিষয়ক তথ্য ব্যবহার এবং এ সংক্রান্ত বিভিন্ন ঝুঁকি মোকাবেলায় কৃষকের সক্ষমতা বৃদ্ধিকরণের জন্য কর্মশালার আয়োজন করা হবে ।।



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

ফোন: ০২-৫৫০২৮৪২২

ই-মেইল: pdamisd@dae.gov.bd